

অথবা

৪. নিধুবাবু এক বিশেষ শ্রেণির মানুষের মনোরঞ্জনের জন্য গান লিখতেন, তাঁর এই গানগুলিকে কবিতা হিসেবে পড়া যায় কি? এই গানগুলিতে আধুনিক গীতিকবিতার কোনো বৈশিষ্ট্য কি চোখে পড়ে তোমার? উপযুক্ত উদাহরণসহ মতামত জানাও। ১০

৫. নানা মজা ও মস্করা থাকলেও 'একেই কি বলে সভ্যতা' এবং 'বুড় সালিখের ঘাড়ে রৌঁ' নাটকদুটি যে নিছক মজার রচনা নয়, এ দুটি লেখায় যে সমকালীন সমাজ সম্পর্কে মধুসূদনের গভীর ও তীক্ষ্ণ মন্তব্য উপস্থিত তা সহজেই বোঝা যায়। নাটকদুটি আলোচনাসূত্রে এই মন্তব্যটির যাথার্থ্য বিচার করো।

৬. 'নীলদর্পণ' নাটকে দুই সাহেবের চরিত্র-বৈশিষ্ট্যের পার্থক্য তাদের সংলাপের মধ্যে নাট্যকার কীভাবে ফুটিয়ে তুলেছেন আলোচনা করো। ১০

অথবা

৭. 'নীলদর্পণ' নাটকের অন্যান্য প্রধান চরিত্রদের তুলনায় তোরাপ, আদুরী বা ক্ষেত্রমণিদের কি দর্শক ও পাঠকের মনে স্থায়ী হয়ে থাকবার ক্ষমতা বেশি? যুক্তিসহ তোমার অভিমত জানাও। ১০

— X —

কলাস্নাতক অন্ত্য সিমেন্টার পরীক্ষা, ২০১৭

(দ্বিতীয় বর্ষ, চতুর্থ সিমেন্টার)

বাংলা

উনিশ শতকের বাংলা সাহিত্য (পর্ব-২)

কোর্স ইউ. জি. - ৪.৩

সময় দু ঘণ্টা

পূর্ণমান ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

১. 'বীরাঙ্গনাকব্য' বীর শব্দটির প্রচলিত অর্থটিকে আরও প্রসারিত করে দেয়। তোমার পড়া কয়েকটি 'পত্রিকা' আলোচনা করে এই মন্তব্যের কোনো সারবত্তা আছে কিনা বুঝিয়ে দাও। ১০

অথবা

২. 'সোমের প্রতি তারা' এবং 'শান্তনুর প্রতি জাহ্নবী'—এই পত্রিকা দুটির অভিনবত্ব কোথায় সংক্ষেপে আলোচনা করো। ১০

৩. ঈশ্বর গুপ্তের সৃষ্টির মধ্যে দ্বৈততা দেখেছেন অনেকে, দেখেছেন রক্ষণশীলতা ও প্রগতিশীলতার সহাবস্থান। ঈশ্বর গুপ্তের কবিতা পড়তে গিয়ে কি তোমারও তাই মনে হয়? সংক্ষেপে আলোচনা করো।

(Turn over)